# বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮


স্মারক নং- ৩৬.০৫.০০০০.১০১.১১.০০১.২০- ৮০০

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ / ৩১ মে ২০২১ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্তে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে) | শূন্য পদের সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ বিধি অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | ডকুমেন্ট কন্ট্রোল অফিসার<br>৳ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড নং-০৯ | ১ | ৩৫ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন/ফলিত রসায়ন/প্রাণ রসায়ন/ মাইক্রোবায়োলজী/এগ্রি কেমিস্ট্রি/ ফার্মেসী/ উদ্ভিদ বিদ্যা/মৃত্তিকা বিজ্ঞান/ফিজিক্স/ অ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেক্ট্রনিক্স/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ পরিসংখ্যানে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ বছরের সম্মানসহ স্নাতক ডিগ্রী;<br>অথবা<br>সিভিল/মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং/ মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক ডিগ্রী;<br>(খ) সিস্টেম সার্টিফিকেশন সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>(গ) আইএসও ৯০০১/আইএসও ১৪০০১/আইএসও ২২০০০/ আইসও/ আইইসি ১৭০২১/ এইচএসিসিপিতে লিড অডিটর ও ইন্টারনাল অডিটর কোর্সে প্রশিক্ষণসহ ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন সংক্রান্ত বিভিন্ন ডকুমেন্ট তৈরি ও রক্ষণাবেক্ষণে সম্যক জ্ঞান; এবং<br>(ঘ) উপরি-উক্ত যোগ্যতাসম্পন্ন বিভাগীয় প্রার্থীগণ অগ্রাধিকার পাইবেন। |
| ২। | ইন্টারনাল অডিট অফিসার<br>৳ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড নং-০৯ | ২ | ৩৫ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন/ফলিত রসায়ন/প্রাণ রসায়ন/ মাইক্রোবায়োলজী/এগ্রি কেমিস্ট্রি/ ফার্মেসী/ উদ্ভিদ বিদ্যা/মৃত্তিকা বিজ্ঞান/ফিজিক্স/ অ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেক্ট্রনিক্স/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ পরিসংখ্যানে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ বছরের সম্মানসহ স্নাতক ডিগ্রী;<br>অথবা<br>সিভিল/মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং/ মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক ডিগ্রী;<br>(খ) সিস্টেম সার্টিফিকেশন সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>(গ) আইএসও ৯০০১/আইএসও ১৪০০১/আইএসও ২২০০০/ আইসও/ আইইসি ১৭০২১/ এইচএসিসিপিতে লিড অডিটর ও ইন্টারনাল অডিটর কোর্স এ প্রশিক্ষণসহ ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন সংক্রান্ত ইন্টারনাল অডিট পরিচালনা এবং বিভিন্ন ডকুমেন্ট তৈরি ও রক্ষণাবেক্ষণে সম্যক জ্ঞান; এবং<br>(ঘ) উপরি-উক্ত যোগ্যতাসম্পন্ন বিভাগীয় প্রার্থীগণ অগ্রাধিকার পাইবেন। |
| ৩। | সহকারী পরিচালক (হিসাব ও আভ্যন্তরীণ নিরীক্ষা)<br>৳ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড নং-০৯ | ১ | ৩০ বৎসর | এমবিএ বা হিসাব বা অর্থ বা বাণিজ্যে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৪। | পরীক্ষক (রসায়ন)<br>৳ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড নং-০৯ | ১৬ | ৩০ বৎসর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন/ফলিত রসায়ন/ প্রাণ রসায়ন/ মাইক্রোবায়োলজী/ফার্মেসি/এগ্রি কেমিস্ট্রি বিষয়ে ১ম শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি/সমতুল্য সিজিপিএ তে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ ২য় শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী বা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রী বা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণি/ বিভাগ/ সমরুপ সিজিপিএ/গ্রেড গ্রহণযোগ্য নয়। |

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে) | শূন্য পদের সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ বিধি অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ৫। | পরীক্ষক (পুরকৌশল, পদার্থ)<br>৳ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড নং-০৯ | ৬ | ৩০ বৎসর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফিজিক্স/ অ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স বিষয়ে ১ম শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি/সমতুল্য সিজিপিএ তে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ ২য় শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী বা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রী বা সিভিল/মেকানিক্যাল/মেটেরিয়াল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং /গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণি/ বিভাগ/ সমরুপ সিজিপিএ/গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ৬। | পরীক্ষক (ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স)<br>৳ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড নং-০৯ | ৪ | ৩০ বৎসর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফিজিক্স/ অ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স /কম্পিউটার সায়েন্স এ ১ম শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি/সমতুল্য সিজিপিএ তে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ ২য় শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী বা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রী বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্টনিক্স/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণি/ বিভাগ/ সমরুপ সিজিপিএ/গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ৭। | পরীক্ষক (টেক্সটাইল)<br>৳ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড নং-০৯ | ৩ | ৩০ বৎসর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণি/ বিভাগ/ সমরুপ সিজিপিএ/গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ৮। | পরীক্ষক( মেট্রোলজি)<br>৳ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড নং-০৯ | ২ | ৩০ বৎসর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফিজিক্স/অ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স/কম্পিউটার সায়েন্স/ রসায়ন/ফলিত রসায়ন/ বায়োকেমিস্ট্রি/ ম্যাথমেটিক্স/ অ্যাপ্লাইড ম্যাথমেটিক্স বিষয়ে ১ম শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি/সমতুল্য সিজিপিএ তে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ ২য় শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী বা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রী অথবা সিভিল/ মেকানিক্যাল /ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/ কম্পিউটার/ কেমিক্যাল/বস্তু ও ধাতব কৌশল বা মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণি/ বিভাগ/ সমরুপ সিজিপিএ/গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ৯। | পরীক্ষক (মান), কৃষি ও খাদ্য<br>৳ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড নং-০৯ | ১ | ৩০ বৎসর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন/ফলিত রসায়ন/ প্রাণ রসায়ন/ মাইক্রোবায়োলজী/কৃষি/ফুড এন্ড নিউট্রিশন বিষয়ে ১ম শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি/সমতুল্য সিজিপিএ তে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ ২য় শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী বা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রী বা ফুড ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণি/ বিভাগ/ সমরুপ সিজিপিএ/গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ১০। | পরীক্ষক (মান), রসায়ন<br>৳ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড নং-০৯ | ১ | ৩০ বৎসর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন/ফলিত রসায়ন/ প্রাণ রসায়ন/ মাইক্রোবায়োলজী/ফার্মেসি/কৃষি বিষয়ে ১ম শ্রেণির/ সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি/সমতুল্য সিজিপিএ তে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ ২য় শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী বা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রী বা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণি/ বিভাগ/ সমরুপ সিজিপিএ/গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ১১। | পরীক্ষক (মান) ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স ও কারিগরী<br>৳ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড নং-০৯ | ২ | ৩০ বৎসর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স/কম্পিউটার সায়েন্স বিষয়ে ১ম শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি/সমতুল্য সিজিপিএ তে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ ২য় শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী বা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রী বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণি/ বিভাগ/ সমরুপ সিজিপিএ/গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ১২। | পরীক্ষক (মান) পুরকৌশল ও যন্ত্রকৌশল<br>৳ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড নং-০৯ | ২ | ৩০ বৎসর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ মেটিরিয়াল এন্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণি/ বিভাগ/ সমরুপ সিজিপিএ/গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ১৩। | ফিল্ড অফিসার (সার্টিফিকেশন মার্কস)<br>৳ ২২০০০-৫৩০৬০/-<br>গ্রেড নং-০৯ | ২০ | ৩০ বৎসর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন/ফলিত রসায়ন/ প্রাণ রসায়ন/ মাইক্রোবায়োলজী/ফার্মেসি/ম্যাথমেটিক্স/প্রাণী বিদ্যা/ উদ্ভিদবিদ্যা/মৃত্তিকা বিজ্ঞান /এগ্রি কেমিস্ট্রি/কৃষি/ফুড সাইন্স এন্ড টেকনোলজী/ ফিজিক্স/ অ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স/ কম্পিউটার সায়েন্স-এ ১ম শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি/সমতুল্য সিজিপিএ তে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ ২য় শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী বা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রী অথবা সিভিল/ মেকানিক্যাল / ইলেকট্রিক্যাল এন্ড |

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে) | শূন্য পদের সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ বিধি অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | | | ইলেকট্রনিক্স/ কম্পিউটার/ কেমিক্যাল/ মেটালার্জিক্যাল/ টেক্সটাইল/ফুড ইঞ্জিনিয়ারিং/গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং/মেটেরিয়াল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণি/ বিভাগ/ সমরুপ সিজিপিএ/গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ১৪। | পরিদর্শক (মেট্রোলজি) ৳ ২২০০০-৫৩০৬০/- গ্রেড নং-০৯ | ২৫ | ৩০ বৎসর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফিজিক্স/অ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স/কম্পিউটার সায়েন্স/ রসায়ন/ফলিত রসায়ন/ বায়োকেমিস্ট্রি/ ম্যাথমেটিক্স/ অ্যাপ্লাইড ম্যাথমেটিক্স বিষয়ে ১ম শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি/সমতুল্য সিজিপিএ তে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ ২য় শ্রেণির/সমতুল্য সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী বা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রী অথবা সিভিল/ মেকানিক্যাল / ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/ কম্পিউটার/ কেমিক্যাল/বস্তু ও ধাতব কৌশল বা মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণি/ বিভাগ/ সমরুপ সিজিপিএ/গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| | সর্বমোট = | ৮৬ | | |

## শর্তাবলী

১.০ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২.০ সকল জেলার প্রার্থী বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদে আবেদন করতে পারবেন।

৩.০ একজন প্রার্থী একটির বেশি পদে আবেদন করতে পারবেন না।

৪.০ বয়সসীমা: ০১ জুন, ২০২১ তারিখে

৪.১ ক্রমিক নং ১ ও ক্রমিক নং ২ ব্যতীত বিজ্ঞপ্তিতে উল্লেখিত অন্যান্য সকল পদের জন্য বয়স ২১-৩০ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কণ্যা, প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স ২১-৩২ বছর।

৪.২ ক্রমিক নং ১ ও ক্রমিক নং ২ এ বর্ণিত পদের জন্য প্রার্থীর বয়স ২১-৩৫ বছর।

৪.৩ প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৪.৪ প্রার্থীগণের বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৫.০ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে; অন্যথায় পরবর্তীতে উক্ত শিক্ষাগত যোগ্যতা কোন ক্রমেই গ্রহণ করা হবে না।

৬.০ এস.এস.সি বা সমমান, এইচ.এস.সি বা সমমান এবং অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ তথা প্রচলিত গ্রেডিং পদ্ধতির পূর্বের বিভাগ/শ্রেণীর সমতাকরণ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয় থেকে জারীকৃত প্রজ্ঞাপন অনুসরণ করা হবে।

৭.০ চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/মার্কশিট/টেস্টিমোনিয়ালে যদি ৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) উল্লেখ না থাকে তবে অর্জিত ডিগ্রি ৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সঙ্গে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাদের অর্জিত ডিগ্রি ৩ (তিন) বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে।

৮.০ প্রার্থীর চাকরির অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে)/ লিড অডিটর ও ইন্টারনাল অডিটর কোর্স (প্রযোজ্য ক্ষেত্রে) সংক্রান্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র/প্রমাণক দাখিল করতে হবে।

৯.০ লিখিত পরীক্ষার সময় প্রয়োজনীয় কলম, রাবার, পেন্সিল, সাধারণ ক্যালকুলেটর ইত্যাদি সঙ্গে আনতে পারবে। অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করা যাবে না।

১০.০ প্রার্থীর অনুকূলে প্রদেয় প্রবেশপত্রে লিপিবদ্ধ নিয়মাবলী অনুসরণ করা প্রার্থীর জন্য বাধ্যতামূলক।

১১.০ প্রার্থীর দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে। তাছাড়া প্রার্থী কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ এ বিষয়ে দায়ী হবেন না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২.০ যদি কোন প্রার্থী বাংলাদেশী নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক শৃংখলাজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১৩.০ বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কণ্যা কেউ কোন পদে নিয়োগের জন্য সুপারিশপ্রাপ্ত হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ভেরিফিকেশনের পর তাঁদের নিয়োগের বিষয়টি চূড়ান্ত করা হবে।

১৪.০ কোনরূপ প্রভাব বিস্তারের প্রচেষ্টা প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

১৫.০ নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি,এ/ডি,এ দেওয়া হবে না।

১৬.০ আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭.০ কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৮.০ মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্র/সনদপত্র দাখিল করতে হবে:

১৮.১ শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্র। সনদপত্রের এক সেট সত্যায়িত ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক) দাখিল করতে হবে।

১৮.২ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

১৮.৩ প্রথম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

১৮.৪ জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনপত্রসহ প্রযোজ্য অন্যান্য সনদ/প্রত্যয়নপত্রের মূলকপি আনতে হবে। উক্ত সনদ/কাগজপত্রের এক সেট সত্যায়িত ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক) দাখিল করতে হবে। তাছাড়া চাকুরীরত প্রার্থীদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার অনাপত্তিপত্র সাক্ষাৎকারের সময় দাখিল করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।

১৮.৫ বিভাগীয়/চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত প্রক্রিয়া অনুসরণপূর্বক আবেদন করতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

১৮.৬ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কণ্যা হিসেবে আবেদনকারী প্রার্থীকে পিতার/মাতার বীর মুক্তিযোদ্ধা সনদের মূলকপি প্রদর্শন ও সত্যায়িত কপি জমা প্রদান করতে হবে ।

১৮.৭ প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদের মূল কপি প্রদর্শন ও সত্যায়িত কপি জমা প্রদান করতে হবে।

**১৯.০ অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী**

১৯.১ এ বিজ্ঞপ্তির অধীনে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://bsti.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৬ জুন, ২০২১ খ্রিঃ রবিবার সকাল ১০:০০ ঘটিকা।

(ii) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৫ জুলাই, ২০২১ খ্রিঃ সোমবার বিকাল ০৫:০০ ঘটিকা।

১৯.২ প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel ও ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

১৯.৩ যেহেতু আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা (সংশ্লিষ্ট সনদ মোতাবেক) সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৯.৪ প্রার্থী কর্তৃক এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

১৯.৫ SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Prepaid Mobile নাম্বারের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৬০০/- (ছয় শত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৭২/- (বাহাত্তর) টাকাসহ মোট ৬৭২/- (ছয় শত বাহাত্তর) টাকা জমা দিবেন । উক্ত টাকা আবেদনপত্র Submit করার ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**১৯.৬ Online-এ আবেদন করার ধাপসমূহ**

- প্রথম SMS: BSTI<space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
  **Example: BSTI ABCDEF**
  Reply: Applicant's Name, Tk. 672 will be charged as application fee.
  Your PIN is XXXXXXXXXXX. To pay fee Type BSTI<space>Yes<space>PIN and send to 16222
- দ্বিতীয় SMS: BSTI<space>Yes<space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।
  **Example: BSTI Yes XXXXXXXXX.**
  Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for BSTI Application for post XXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXX).
- প্রার্থী কর্তৃক দ্বিতীয় SMS প্রেরণের পর তিনি ফিরতি SMS এ Password পাবেন। এই Password, Admit Card (প্রবেশপত্র) Download এর জন্য প্রার্থীকে সংরক্ষণ করতে হবে।

১৯.৭ প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bsti.teletalk.com.bd ওয়েবসাইটে অথবা বিএসটিআই কার্যালয়ের website: www.bsti.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

১৯.৮ SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলেও মৌখিক পরীক্ষার সময়েও অবশ্যই প্রদর্শন করবেন। Admit Card (প্রবেশপত্র) Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।

১৯.৯ শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

- User ID জানা থাকলে BSTI<space>Help<space>User<space>User ID & Send to 16222.
  **Example: BSTI Help User ABCDEF & Send to 16222.**
- PIN Number জানা থাকলে BSTI <space>Help<space>PIN<space>PIN No. & Send to 16222.
  **Example: BSTI Help PIN 12345678 & send to 16222**

২০.০ অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর হতে 121 নম্বরে কল করতে পারবেন অথবা নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ার এ যোগাযোগ করতে পারবেন। এছাড়াও vas.query@teletalk.com.bd ই-মেইলে জানতে পারবেন।

(মোঃ তাহের জামিল)
পরিচালক (প্রশাসন)

F:\Ashit\Final Recruitment_23_02 (DG_SIR)\Officer Recruit. 23-02-21.doc৪)

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

স্মারক নং-৩৬.০৫.০০০০.১০১.১১.০০১.২০- (৮৯৯)

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
৩১ মে ২০২১ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্তে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে) | শূন্য পদের সংখ্যা | সর্বোচ্চ বয়স সীমা | নিয়োগ বিধি অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১। | সহকারী আইন কর্মকর্তা প্রশাসন উইং<br>৳ ১২৫০০-৩০২৩০/-<br>গ্রেড নং-১১ | ১ | ৩৫ বৎসর | আইন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২। | অফিস সহায়ক (এমএলএসএস)<br>৳ ৮২৫০-২০০১০/-<br>গ্রেড নং-২০ | ৩ | ৩০ বৎসর | অষ্টম শ্রেণী পাস এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | ঢাকা, গাজীপুর, নরসিংদী, কিশোরগঞ্জ, নেত্রকোণা, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্দা, কুড়িগ্রাম, খুলনা, যশোর, ঝিনাইদহ, সাতক্ষীরা, কুষ্টিয়া, বরিশাল, ভোলা, সুনামগঞ্জ, হবিগঞ্জ জেলাসমূহের প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>**এতিম ও শারিরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| | সর্বমোট = | ৪ | | | |

## শর্তাবলী

১.০ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২.০ বয়সসীমা: ০১ জুন ২০২১ তারিখে

২.১ ক্রমিক নং ১ এ বর্ণিত পদের জন্য বয়স ২১-৩৫ বছর।

২.২ ক্রমিক নং ২ এ বর্ণিত পদের জন্য বয়স ১৮-৩০ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কণ্যা, প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স ১৮-৩২ বছর।

২.৩ প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২.৪ প্রার্থীগণের বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩.০ কোটার ক্ষেত্রে সরকারের সকল ও সর্বশেষ বিধি-বিধান/প্রজ্ঞাপন অনুসরণ করা হবে।

৪.০ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে; অন্যথায় পরবর্তীতে উক্ত শিক্ষাগত যোগ্যতা কোন ক্রমেই গ্রহণ করা হবে না।

৫.০ ক্রমিক নং ১ এ বর্ণিত পদের জন্য এস.এস.সি বা সমমান, এইচ.এস.সি বা সমমান এবং অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ তথা প্রচলিত গ্রেডিং পদ্ধতির পূর্বের বিভাগ/শ্রেণীর সমতাকরণ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয় থেকে জারীকৃত প্রজ্ঞাপন অনুসরণ করা হবে।

৬.০ প্রার্থীর চাকরির অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সংক্রান্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

৭.০ বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৮.০ ক্রমিক নং ১ এ বর্ণিত পদের লিখিত পরীক্ষার সময় প্রয়োজনীয় কলম, রাবার, পেন্সিল, সাধারণ ক্যালকুলেটর ইত্যাদি সঙ্গে আনতে হবে। অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করা যাবে না।

৯.০ প্রার্থীর অনুকূলে প্রদেয় প্রবেশপত্রে লিপিবদ্ধ নিয়মাবলী অনুসরণ করা প্রার্থীর জন্য বাধ্যতামূলক।

১০.০ প্রার্থীর দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে। তাছাড়া প্রার্থী কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ এ বিষয়ে দায়ী হবেন না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১.০ যদি কোন প্রার্থী বাংলাদেশী নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক শৃংখলাজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১২.০ বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কণ্যা, পুত্র/কণ্যার পুত্র/কণ্যা কেউ কোন পদে নিয়োগের জন্য সুপারিশপ্রাপ্ত হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ভেরিফিকেশনের পর তাঁদের নিয়োগের বিষয়টি চূড়ান্ত করা হবে।

১৩.০ কোনরূপ প্রভাব বিস্তারের প্রচেষ্টা প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

১৪.০ নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি,এ/ডি,এ দেওয়া হবে না।

১৫.০ আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬.০ কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৭.০ মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্র/সনদপত্র দাখিল করতে হবে:

১৭.১ শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্র। সনদপত্রের এক সেট সত্যায়িত ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক) দাখিল করতে হবে।

১৭.২ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

১৭.৩ প্রথম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

১৭.৪ জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনপত্রসহ প্রযোজ্য অন্যান্য সনদ/প্রত্যয়নপত্রের মূলকপি আনতে হবে। উক্ত সনদ/কাগজপত্রের এক সেট সত্যায়িত ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক) দাখিল করতে হবে। তাছাড়া চাকুরীরত প্রার্থীদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার অনাপত্তিপত্র সাক্ষাৎকারের সময় দাখিল করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।

১৭.৫ বিভাগীয়/চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত প্রক্রিয়া অনুসরণপূর্বক আবেদন করতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

১৭.৬ ক্রমিক নং ১ এ বর্ণিত পদের জন্য বীর মুক্তিযোদ্ধার পুত্র/কণ্যা এবং ক্রমিক নং ২ এ বর্ণিত পদের জন্য বীর মুক্তিযোদ্ধার পুত্র/কণ্যা, পুত্র/কণ্যার পুত্র/কণ্যা হিসেবে আবেদনকারী প্রার্থীকে পিতার/মাতার বীর মুক্তিযোদ্ধা সনদের মূলকপি প্রদর্শন ও সত্যায়িত কপি জমা প্রদান করতে হবে।

১৭.৭ প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদের মূল কপি প্রদর্শন ও সত্যায়িত কপি জমা প্রদান করতে হবে।

১৮.০ **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী**

১৮.১ এ বিজ্ঞপ্তির অধীনে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://bsti.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৬ জুন, ২০২১ খ্রিঃ রবিবার সকাল ১০:০০ ঘটিকা।

(ii) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৫ জুলাই, ২০২১ খ্রিঃ সোমবার বিকাল ০৫:০০ ঘটিকা।

১৮.২ প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel ও ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

১৮.৩ যেহেতু আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা (সংশ্লিষ্ট সনদ মোতাবেক) সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৮.৪ প্রার্থী কর্তৃক এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

১৮.৫ SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Prepaid Mobile নাম্বারের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ১ নং ক্রমিকের বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচ শত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬০/- (ষাট) টাকাসহ মোট ৫৬০/- (পাঁচ শত ষাট) টাকা মাত্র জমা দিবেন । ২ নং ক্রমিকের বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা। উক্ত টাকা আবেদনপত্র Submit করবার ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

১৮.৬ **Online-এ আবেদন করার ধাপসমূহ**

- ☐ প্রথম SMS: BSTI<space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
  **Example: BSTI ABCDEF**
  Reply: Applicant's Name, Tk. 560/56 will be charged as application fee.
  Your PIN is XXXXXXXXXXX. To pay fee Type BSTI<space>Yes<space>PIN and send to 16222
- ☐ দ্বিতীয় SMS: BSTI<space>Yes<space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।
  **Example: BSTI Yes XXXXXXXXX.**
  Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for BSTI Application for post XXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXX).
- ☐ প্রার্থী কর্তৃক দ্বিতীয় SMS প্রেরণের পর তিনি ফিরতি SMS এ Password পাবেন। এই Password, Admit Card (প্রবেশপত্র) Download এর জন্য প্রার্থীকে সংরক্ষণ করতে হবে।

১৮.৭ প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bsti.teletalk.com.bd ওয়েবসাইটে অথবা বিএসটিআই কার্যালয়ের website: www.bsti.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

১৮.৮ SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। Admit Card (প্রবেশপত্র) Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।

১৮.৯ শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

- ☐ User ID জানা থাকলে BSTI<space>Help<space>User<space>User ID & Send to 16222.
  **Example: BSTI Help User ABCDEF & Send to 16222.**
- ☐ PIN Number জানা থাকলে BSTI <space>Help<space>PIN<space>PIN No. & Send to 16222.
  **Example: BSTI Help PIN 12345678 & send to 16222**

১৯.০ অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর হতে 121 নম্বরে কল করতে পারবেন অথবা নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ার এ যোগাযোগ করতে পারবেন। এছাড়াও vas.query@teletalk.com.bd ই-মেইলে জানতে পারবেন।

(অসিত বড়ুয়া)
উপপরিচালক (প্রশাসন)